**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২৯ নভেম্বর ২০১৫, ১৫ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রীর সমর্থন পুনর্ব্যক্ত

২। জিএসপি সুবিধা ফিরে পেতে কাজ করছে সরকার
: চট্টগ্রামে বাণিজ্যমেলার উদ্বোধনকালে বাণিজ্যমন্ত্রী

৩। দেশকে অস্থিতিশীল করতে আইএসের গুজব ছড়ানো হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

৪। আইএসের নাম দিয়ে বাংলাদেশকে অকার্যকর করার চেষ্টা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। সন্ত্রাসীদের কখনো ক্ষমতায় বসতে দেবে না দেশের মানুষ : তথ্যমন্ত্রী

৬। সাইবার অপরাধ রোধে শিগগির আইন : প্রযুক্তি প্রতিমন্ত্রী

৭। দেশে জঙ্গিবাদ উত্থানের সুযোগ দেয়নি পুলিশ : আইজি

৮। বাংলাদেশ, ভারত, ভুটান ও নেপালের মৈত্রী মোটর শোভাযাত্রা ফেনীতে

৯। টঙ্গী থেকে সাতরাস্তা পর্যন্ত হচ্ছে ২২টি ইউলুপ : যানজট কমানোর উদ্যোগ

১০। পাহাড়ের পরিস্থিতি অত্যন্ত নাজুক : দাবি সন্তু লারমার

১১। নিম্ন আয়ের মানুষদের আর্থিক সেবায় অন্তর্ভুক্ত করা হয়েছে
: ব্যাংকিং মেলার সমাপনী অনুষ্ঠানে গভর্নর

১২। মোবাইল ব্যাংকিংয়ে গ্রাহক ৩ কোটি ছাড়াল
: গ্রাহক সংখ্যা বাড়লেও অক্টোবরে কমেছে লেনদেন

চলমান পাতা/২

১। **স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠায় প্রধানমন্ত্রীর সমর্থন পুনর্ব্যক্ত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফিলিস্তিনি জনগণের সঙ্গে সংহতি প্রকাশের আন্তর্জাতিক দিবস উপলক্ষে পূর্ব জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠায় সচেষ্ট ফিলিস্তিনি জনগণের প্রতি বাংলাদেশের স্বার্থহীন সমর্থন পুনর্ব্যক্ত করেছেন। তিনি গতকাল ২৮ নভেম্বর শনিবার নিপীড়িত ফিলিস্তিনি জনগণের প্রতি আন্তর্জাতিক সংহতি দিবসের প্রাক্কালে প্রদত্ত এক বাণীতে এই সমর্থন পুনর্ব্যক্ত করেন। আজ বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি পালিত হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

২। **জিএসপি সুবিধা ফিরে পেতে কাজ করছে সরকার**
**: চট্টগ্রামে বাণিজ্যমেলার উদ্বোধনকালে বাণিজ্যমন্ত্রী**

সরকার দেশের শিল্প ও ব্যবসা বাণিজ্যের উন্নয়নে কাজ করছে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, ব্যাংক ঋণের সুদের হার দুই অংকের নিচে নামিয়ে আনাসহ যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানির ক্ষেত্রে জিএসপি সুবিধা ফিরে পাওয়ার জন্য সরকার কাজ করছে। গতকাল ২৮ নভেম্বর শনিবার চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কর্মাস এণ্ড ইন্ডাস্ট্রি আয়োজিত বাংলাদেশ ইন্টারন্যাশনাল ট্রেড এণ্ড এক্সপোর্ট ফেয়ার (বিআইটিইএফ-২০১৫) মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী এসব মন্তব্য করেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

৩। **দেশকে অস্থিতিশীল করতে আইএসের গুজব ছড়ানো হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী**

দেশকে অস্থিতিশীল করতে আইএসের উপস্থিতির গুজব ছাড়ানো হচ্ছে বলে অভিযোগ করেছেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ২৮ নভেম্বর শনিবার বঙ্গবন্ধু শেখ মুজিবর মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) শহীদ ডা. মিলন দিবসের আলোচনা সভায় তিনি এ অভিযোগ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

৪। **আইএসের নাম দিয়ে বাংলাদেশকে অকার্যকর করার চেষ্টা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশে ইসলামিক স্টেট (আইএস) নামে কোনো সংগঠন নেই-আবারো এ দাবি করে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, দেশকে অকার্যকর করার জন্যই আইএস-এর নাম ব্যবহার করে দেশে বিভাজন সৃষ্টির চেষ্টা করা হচ্ছে। গতকাল ২৮ নভেম্বর শনিবার রাজধানীর কামরাঙ্গীরচর আলহেরা কমিউনিটি সেন্টারে মসজিদের ইমামদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী সকল ষড়যন্ত্র ও সন্ত্রাসের বিরুদ্ধে সকলকে ঐক্যবদ্ধভাবে রুখে দাঁড়ানোর আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

৫। **সন্ত্রাসীদের কখনো ক্ষমতায় বসতে দেবে না দেশের মানুষ : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দেশের মানুষ গণতন্ত্রের মুখোশধারী আগুন সন্ত্রাসীদের আর কখনো ক্ষমতায় বসতে দেবে না। রক্তের দাগ থাকলে বেগম খালেদা জিয়াকে আর রাজনীতিতেও ঢুকতে দেওয়া হবে না। যেমনিভাবে জামায়াতিদের রাজনীতি থেকে বিদায় জানানো হয়েছে, ঠিক তেমনিভাবে গণতন্ত্রের জন্য বেগম খালেদা জিয়াকে সাজা দিয়ে রাজনীতি থেকে বিদায় জানানো হবে। গতকাল ২৮ নভেম্বর শনিবার রাতে ফেনী সার্কিট হাউজে সাংবাদিক ও বিভিন্ন শ্রেণি পেশার মানুষের সঙ্গে মতবিনিময় সভায় তথ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯, ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১)।

৬। **সাইবার অপরাধ রোধে শিগগির আইন : প্রযুক্তি প্রতিমন্ত্রী**

সাইবার অপরাধ রোধে শিগগির আইন প্রণয়ন করা হবে বলে জানিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গতকাল ২৮ নভেম্বর শনিবার বেসরকারি মোবাইল অপারেটর রবি'র উদ্যোগে সিলেটের এমসি কলেজে ওয়াইফাই সেবা উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এমন মন্তব্য করেন তিনি। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮)।

৭। **দেশে জঙ্গিবাদ উত্থানের সুযোগ দেয়নি পুলিশ : আইজি**

বাংলাদেশ পুলিশের আইজি এ কে এম শহীদুল হক বলেছেন, ২০০৯ সাল থেকে পুলিশ দেশে জঙ্গিবাদ উত্থানের সুযোগ দেয়নি। সিরিজ বোমা এবং টার্গেট করে রাজনীতিবিদদের হত্যা করে দেশকে নেতৃত্ব শূন্য করার

চলমান পাতা/৩

রিপোর্ট তদন্তের মাধ্যমে বেরিয়ে এসেছে। বর্তমানে **২১** জন জঙ্গি নেতার ফাঁসির আদেশ হাইকোর্টে আপিল পর্যায়ে  রয়েছে। অভিজিৎ ছাড়া বাকি ব্লগারদের হত্যা এবং বিদেশি নাগরিক হত্যার আসামিদের আমরা ধরেছি এবং রহস্য উদ্ধারে সমর্থ হয়েছি। এতে আমাদের যথেষ্ট সাফল্য আছে। গতকাল ২৮ নভেম্বর শনিবার লক্ষ্মীপুর জেলা স্টেডিয়ামে অনুষ্ঠিত জেলা কমিউনিটি পুলিশ সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.১৯,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৫)।

**৮।  বাংলাদেশ, ভারত, ভুটান ও নেপালের মৈত্রী মোটর শোভাযাত্রা ফেনীতে**

বাংলাদেশ, ভারত, ভুটান ও নেপালসহ চার দেশের একটি মৈত্রী মোটর শোভাযাত্রা গতকাল ২৮ নভেম্বর শনিবার ফেনীর পরশুরাম উপজেলার বিলোনিয়া সীমান্ত পথে বাংলাদেশে প্রবেশ করেছে। এ সময় বাংলাদেশের পক্ষে ফেনী জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন ও বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি এ শোভাযাত্রাকে স্বাগত জানায়। এ সময় ভারতের দক্ষিণ ত্রিপুরার প্রশাসক, পুলিশ ও বিএসএফ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৯।  টঙ্গী থেকে সাতরাস্তা পর্যন্ত হচ্ছে ২২টি ইউলুপ : যানজট কমানোর উদ্যোগ**

ঢাকার যানজট কমাতে গাজীপুরের টঙ্গী থেকে রাজধানীর সাতরাস্তা পর্যন্ত ৩০ কিলোমিটার দীর্ঘ সড়কে ছোট-বড় মিলে ২২টি ইউলুপ স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি)। সংস্থার মেয়র আনিসুল হক এ নিয়ে কার্যক্রমও শুরু করেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয় এবং রেলপথ মন্ত্রণালয়সহ বিভিন্ন সংস্থার সঙ্গেও দফায় দফায় বৈঠক করছেন তিনি। আনিসুল হক আশা করছেন, টঙ্গী থেকে তেজগাঁও সাতরাস্তা (হাতিরঝিল) পর্যন্ত পুরো সড়কে ইউলুপ স্থাপন করা হলে রাজধানীর যানজট প্রায় ৩০ ভাগ কমে যাবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)।

**১০।  পাহাড়ের পরিস্থিতি অত্যন্ত নাজুক : দাবি সন্তু লারমার**

সরকার শান্তিচুক্তি বাস্তবায়ন প্রক্রিয়া ‘বন্ধ রাখায়’ পার্বত্য অঞ্চলের সামগ্রিক পরিস্থিতি ‘অত্যন্ত নাজুক’ হয়ে পড়েছে বলে দাবি করেছেন জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা (সন্তু লারমা)। চুক্তির অষ্টাদশবার্ষিকী উপলক্ষে গতকাল ২৮ নভেম্বর শনিবার রাজধানীর সুন্দরবন হোটেলে এক সংবাদ সম্মেলনে এমন দাবি করেন সরকারের সঙ্গে চুক্তিকারী সংগঠনটির এই সভাপতি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২)।

**১১।  নিম্ন আয়ের মানুষদের আর্থিক সেবায় অন্তর্ভুক্ত করা হয়েছে : ব্যাংকিং মেলার সমাপনী অনুষ্ঠানে গভর্নর**

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান বলেছেন, দেশের অর্থনীতিকে আরো বেগবান করাই আমাদের মূল লক্ষ্য। এজন্য আমরা নিত্যদিনের আর্থিক সেবা ও পণ্য সহজে পৌঁছে দিতে চাই সাধারণ মানুষের দোরগোড়ায়। ব্যাংক যে শুধু ধনীদের জন্য নয়, এটি সকল মানুষের জন্য-তা তুলে ধরা হয়েছে এই মেলায়। ব্যাংকগুলোও আজ শিখতে পেরেছে অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের জন্য বিত্তবানদের পাশাপাশি বিত্তহীনদের মাথার ওপরও ছাতা খুলে ধরা উচিত। মানুষ জানতে পেরেছে আর্থিক প্রতিষ্ঠানগুলো হচ্ছে তাদের আর্থিক উন্নতির একনিষ্ঠ বন্ধু। প্রথমবারের মতো আয়োজিত এই মেলা মানুষের কাছে সেই বার্তা পৌঁছে দিতে পেরেছে। গতকাল ২৮ নভেম্বর শনিবার ব্যাংকিং মেলার শেষ দিনে বাংলা একাডেমিতে আয়োজিত সমাপনী অনুষ্ঠানে গভর্নর এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ডেইলি স্টার** বিজনেস (পৃ.১,ক.৭)।

**১২।  মোবাইল ব্যাংকিংয়ে গ্রাহক ৩ কোটি ছাড়াল**
**: গ্রাহক সংখ্যা বাড়লেও অক্টোবরে কমেছে লেনদেন**

প্রায় তাৎক্ষণিকভাবে বা অতিদ্রুত শহর থেকে গ্রামে, গ্রাম থেকে শহরে সর্বত্রই টাকা পাঠানোর সুযোগ তৈরি হওয়ায় মোবাইল ব্যাংকিং জনপ্রিয় হয়ে উঠছে। বর্তমানে মোবাইল ব্যাংকিং কেবল টাকা আদান-প্রদানের মধ্যেই সীমাবদ্ধ নেই, বরং অনেক নতুন নতুন সেবা যুক্ত হয়েছে এতে। প্রতি মাসেই  বাড়ছে বিভিন্ন সেবা বিল দেওয়ায় পরিমাণ। বাংলাদেশ ব্যাংকের এক হালনাগাদ প্রতিবেদন থেকে জানা যায়, অক্টোবর শেষে মোবাইল ব্যাংকিং লেনদেন গ্রাহক সংখ্যা দাঁড়িয়েছে ৩ কোটি ২ লাখ ৩৮ হাজার। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২)।

চলমান পাতা/৪

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** মত প্রকাশের স্বাধীনতা ও মুক্তচিন্তার ওপর গুরুত্ব দিয়ে ইউরোপীয় পার্লামেন্ট বাংলাদেশ সম্পর্কে যে প্রস্তাব দিয়েছে তা আমলে নিয়ে মত প্রকাশের স্বাধীনতার ওপর আরোপিত বিধিনিষেধ তুলে নেওয়ার সুপারিশ;

খ. **ইত্তেফাক :** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) তাদের কৃষিবিষয়ক বৈশ্বিক পরিসংখ্যানের এক প্রতিবেদনে প্রকাশিত হয়েছে অভ্যন্তরীণ মুক্ত জলাশয় মৎস্য উৎপাদনে বাংলাদেশের অবস্থান বিশ্বে চতুর্থ এবং অভ্যন্তরীণ বদ্ধ জলাশয়ে মৎস্য উৎপাদনে বিশ্বে অবস্থান পঞ্চম এ খবরে স্বস্তি প্রকাশ করে মৎস্য চাষে এ স্বয়ংসম্পূর্ণতা ধরে রাখতে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান;

গ. **জনকণ্ঠ, সংবাদ, ইন্ডিপেনডেন্ট :** রাজধানীর হোসেনী দালানে আশুরার তাজিয়া মিছিলে হামলার পর এবার দুর্বৃত্তেরা বগুড়া শিয়া সম্প্রদায়ের এক মসজিদে হামলা চালানোর নিন্দা জানিয়ে এসব ঘটনার জন্য দায়ীদের চিহ্নিত করে সর্বোচ্চ শাস্তির দাবি;

ঘ. **সংবাদ :** নারীর প্রতি সহিংসতা বিষয়ে পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ প্রতিবেদনে বিবাহিত জীবনে গৃহে ৮৭ শতাংশ নারী নির্যাতনের শিকার হওয়ার কথা প্রকাশিত হয়েছে উল্লেখ করে নারী নির্যাতন প্রতিরোধে পরিবার, সমাজ এবং রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের ওপর গুরুত্বারোপ;

ঙ. **সমকাল :** তেজগাঁও সাতরাস্তা-ফার্মগেট সড়ক অবশেষে ট্রাকমুক্ত হওয়ায় স্বস্তি প্রকাশ করে কোনো ট্রাক যাতে রাস্তায় পার্কিং করা না হয় সে ব্যাপারে নজরদারির সুপারিশ;

চ. **ডেইলি স্টার :** বাংলাদেশ ও ভারতের মধ্যে সুপ্রতিবেশী সুলভ সম্পর্ক বজায় রাখতে বিএসএফকে সীমান্ত হত্যা বন্ধে আন্তরিক হওয়ার আহ্বান;

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে আন্তর্জাতিক যুদ্ধাপরাধ মামলার বিচারের রায় নিয়ে ইউএনএইচসিএইচআর এর অভিমতের সমালোচনা করে পররাষ্ট্র মন্ত্রণালয়কে এ ব্যাপারে উপযুক্ত জবাব দেওয়ার সুপারিশ;

জ. **ডেইলি সান :** বাল্যবিবাহ প্রতিরোধে সামাজিক সচেতনতাবৃদ্ধিমূলক প্রচারণা জোরদার করার ওপর গুরুত্বারোপ;

ঝ. **নিউজ টুডে :** ফাস্ট ফুড জাতীয় খাবারে স্বাস্থ্য ঝুঁকি বেড়ে যাওয়ায় শিশুদের এ ধরনের খাবার থেকে বিরত রাখার আহ্বান;

ঞ. **নিউ নেশন :** বিভিন্ন চেকপোষ্টে কর্মরত পুলিশদের আত্মরক্ষায় উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ট. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** রাষ্ট্রীয় মালিকানাধীন অদক্ষ চিনিকলগুলোতে লোকসান বেড়ে যাওয়ায় এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষকে দেশের স্বার্থে সঠিক সিদ্ধান্ত নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক শিবিরকে ঐক্যবদ্ধ হয়ে জনগণের কাছে এই সত্যটা তুলে ধরতে হবে যে, মুক্তিযুদ্ধের মৌল আদর্শগুলো ধর্মের সাথে সাংঘর্ষিক নয় বলে উল্লেখ করা হয়েছে ।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'৪৪ বছর পর আরেকটি বিজয়ের স্বাদ'** শিরোনামের নিবন্ধে এ কে মোহাম্মদ আলী শিকদার সালাহউদ্দিন কাদের চৌধুরী ও আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ফাঁসির দণ্ড কার্যকর হওয়ার মধ্য দিয়ে মুক্তিযুদ্ধের বাংলাদেশ প্রতিষ্ঠার পথে আরেকটি বিজয়ের স্বাদ পেল বাংলাদেশের মানুষ বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা